# আটোয়ারী উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২৩ মাসের মাসিক সাধারন সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ তৌহিদুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী, পঞ্চগড় ।
সভার স্থান : উপজেলা পরিষদ হলরুম।
তারিখ ও সময় : ১২/০৯/২০২৩ খ্রিঃ, সময় ঃ সকাল ১১.০০ টা।

সভায় উপস্থিত সদস্যগনের নামের তালিকা রেজিষ্টারে সংরক্ষিত :

(ক) বিগত সভার কার্যবিবরনী পঠন ও অনুমোদন।

সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এরপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী গত মাসের মাসিক সাধারন সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নবর্ণিত আলোচ্যসূচী অনুযায়ী আলোচনার জন্য সকলকে আহ্বান জানানো হয়।

অন্যান্য আলোচ্যসূচীসমূহ ঃ ১

(খ) বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(গ) উপজেলার রাজস্ব আয়-ব্যয় হিসাব সংক্রান্ত।
(ঘ) বিবিধ।

খ) বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

| ক্রমিক | দপ্তরের নাম | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১। | উপজেলা নির্বাহী অফিসারের দপ্তর | উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী বলেন, উপজেলার সকল দপ্তরের উন্নয়নমূলক কর্মকান্ডের ছবিসহ এবং হালনাগাদ তথ্য আপলোড করে ওয়েব সাইট (www.atwari panchagarh.gov.bd) হালনাগাদ রাখতে হবে। এছাড়া প্রতিটি দপ্তরের ওয়েবসাইট ১০০% হালনাগাদ করার লক্ষ্যে প্রত্যেক দপ্তর প্রধান ব্যবস্থা গ্রহণ করবেন। প্রতিবেদন দাখিল করার জন্য সকল দপ্তর প্রধান এবং সহকারী প্রোগ্রামার আটোয়ারী কে ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানান। | সিদ্ধান্ত-১ প্রতিটি দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ করে প্রতি মাসে প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হলো। | দপ্তর প্রধান সকল আটোয়ারী ও সহকারী প্রোগ্রামার আটোয়ারী। |
| | | ২। উপজেলায় সরকারি সেবা গতিশীল ও ঘরে বসে জনগণের সরকারি সেবা পাওয়ার জন্য প্রত্যেক দপ্তরের কর্মকর্তার জন্য গ্রামীণফোন সিম ক্রয় এবং বিতরণ করা হয়েছে। প্রত্যেক দপ্তরের whatsapp, মোবাইল নম্বর ও e-mail নম্বর খোলা সহ নিয়মিত চেক করার জন্য পরামর্শ প্রদান করা হলো। | সিদ্ধান্ত-২ প্রত্যেক দপ্তরের whatsapp, মোবাইল নম্বর ও e-mail নম্বর নিয়মিত চেক করার সিদ্ধান্ত গৃহীত হলো। | সকল দপ্তর প্রধান আটোয়ারী। |
| | | ৩। অফিসের নোটিশ, চিঠিপত্র নিজ দপ্তরের ওয়েবসাইট whats app, ও e-mail নম্বরে প্রেরণ করার পরামর্শ প্রদান করা হলো। | সিদ্ধান্ত-৩ অফিসের নোটিশ, চিঠিপত্র অনলাইনে whatsapp, ও e-mail নম্বরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | সকল দপ্তর প্রধান আটোয়ারী। |
| | | ৪। জনগণকে ন্যায়বিচার প্রদান সহ হয়রানি ব্যতিরেকে প্রতিটি ইউনিয়ন পর্যায়ের জমি জমা সংক্রান্ত সকল মামলা মোকদ্দমা স্থানীয়ভাবে এবং ইউনিয়ন পরিষদে মীমাংসার জন্য ইউপি চেয়ারম্যানদের পরামর্শ প্রদান করা হলো। | সিদ্ধান্ত-৪ ইউনিয়ন পর্যায়ের জমি জমা সংক্রান্ত সকল মামলা মোকদ্দমা স্থানীয়ভাবে এবং ইউনিয়ন পরিষদে মীমাংসার সিদ্ধান্ত গৃহীত হলো। | সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান,আটোয়ারী। |
| | | ৫। জাতীয় স্থানীয় সরকার দিবস/২৩ আগামী ১৭-১৯ সেপ্টেম্বর উপজেলা পর্যায়ের সকল স্থানীয় সরকারের অধীনে দপ্তর সমূহকে মেলায় অংশগ্রহণ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।<br>৬। জাতীয় স্থানীয় সরকার দিবস মেলায় স্থানীয় ভাবে উদ্ভাবিত লাগসই উন্নয়ন টেকনোলজির ব্যবহারে সকল দপ্তরকে পরামর্শ প্রদান করা হলো। | সিদ্ধান্ত-৫ আগামী ১৭-১৯ সেপ্টেম্বর উপজেলা পর্যায়ের সকল স্থানীয় সরকারের অধীনে দপ্তর সমূহকে মেলায় অংশগ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | সকল দপ্তর প্রধান এবং সকল ইউনিয়ন পরিষদ, চেয়ারম্যান, আটোয়ারী। |
| | | ৭। নিরাপদ খাদ্য ভোক্তার অধিকার উদাহরণস্বরূপ বলা যায়, কাপড়ের রং খাদ্যে বা পানীয়ের মধ্যে ব্যবহার, মাছ ও ফল দ্রুত না পঁচতে রাসায়নিকের ব্যবহার ইত্যাদি। নিরাপদ খাদ্য আইনে নিরাপদ খাদ্য বলতে প্রত্যাশিত ব্যবহার ও উপযোগিতা অনুযায়ী মানুষের জন্য বিশুদ্ধ ও স্বাস্থ্যসম্মত আহার্যকে বুঝানো হয়েছে। খাদ্যে ভেজোল নিরসনে সকল দপ্তর সহ জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষন অধিদপ্তর কে অভিযান পরিচালনা করার জন্য পরামর্শ প্রদান করা হলো। | সিদ্ধান্ত-৬ খাদ্যে ভেজোল নিরসনে সকল দপ্তর সহ জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষন অধিদপ্তর কে অভিযান পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হলো। | জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষন অধিদপ্তর এবং সকল দপ্তর প্রধান। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | উপজেলা স্বাস্থ্য ও প: প: দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান যে, বর্তমানে সারাদেশে ডেঙ্গু জ্বরের প্রকোপ বৃদ্ধি পাচ্ছে। হাসপাতালে ডেঙ্গু পরীক্ষা করা হচ্ছে। ডেঙ্গু পরীক্ষার জন্য কিট মজুদ রয়েছে। এ যাবৎ ০৬ জন ডেঙ্গু রোগী সুস্থ হয়েছেন। তীব্র জ্বর শরীর ব্যথা দেখা দিলে হাসপাতালে আসার জন্য অনুরোধ জানান। হাসপাতালে ২-৩ টি বেড ডেঙ্গু রোগীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে। ডেঙ্গু প্রতিরোধে বাড়ীর চারদিকে জমাট বাধানো পানি ময়লা আবর্জনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য সবাইকে অনুরোধ জানান। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী সামাজিক ভাবে প্রতিরোধ ব্যবস্থা গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের পরামর্শ প্রদান করা হলো। | সিদ্ধান্ত-১. ডেঙ্গু জ্বর প্রতিরোধে বাড়ীর চারদিকে জমাট হওয়া পানি, ময়লা আবর্জনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা জন্য সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সিদ্ধান্ত-২. সামাজিক ভাবে প্রতিরোধ ব্যবস্থা গ্রহণে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, আটোয়ারী।<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকতা এবং সকল ইউপি চেয়ারম্যান। |
| ৩ | উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা,আটোয়ারী সভায় জানান যে,<br>১. এই উপজেলায় চলতি খরিপ-২/২২-২৩ মৌসুমে আমন ধান মাঠে অবস্থান করছে। আমনের লক্ষ্যমাত্রা ১৬৮৭০ হেক্টর। কারেন্ট পোকা প্রতিরোধে ব্যানার, লিফলেট, বিতরণ সহ পরামর্শ প্রদান চলছে।<br>২. সমন্বিত কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের প্রনোদনা কর্মসূচীর আওতায় খরিপ-২ মৌসুমে ধামোর ইউপির যুগিকাটায় ৫০ একর জমিতে সমলয় রোপন আমনের রোপন কার্যক্রম রাইজ ট্রান্সপ্লান্টারের মাধ্যমে প্রকল্পটি সবাইকে পরিদর্শন করার জন্য অনুরোধ জানান। দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্ত-১. খরিপ-২/২২-২৩ মৌসুমে কারেন্ট পোকা প্রতিরোধে ব্যানার, লিফলেট, বিতরণ সহ পরামর্শ চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সিদ্ধান্ত-২. কৃষি যান্ত্রিকীকরণ প্রকল্পের প্রনোদনা কর্মসূচীর আওতায় খরিপ-২ মৌসুমে ধামোর ইউপির যুগিকাটায় ৫০ একর জমিতে সমলয় রোপন আমনের রোপন প্রকল্পটি সবাইকে পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা কৃষি কর্মকর্তা আটোয়ারী।<br>উপজেলা কৃষি কর্মকর্তা আটোয়ারী। |
| ৪ | উপজেলা প্রাণীসম্পদ দপ্তর | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তার, প্রতিনিধি, আটোয়ারী সভায় জানান যে, উপজেলার বিভিন্ন ইউপিতে গবাদি পশুদের খুরা ও এলএসডি রোগের ভ্যাকসিন প্রদান করা হচ্ছে। এছাড়া উপজেলায় প্রায় ৪০ হাজার ছাগলকে টিকা প্রদান করা হবে। প্রতিটি গবাদি পশুদের সুস্থ অবস্থায় ভ্যাকসিন নেয়ার জন্য অনুরোধ জানান। রোগ প্রতিরোধে মেডিকেল ক্যাম্প, উঠান বৈঠক, টিকা প্রদান,কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান রয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্ত-১. খুরা ও এলএসডি রোগ প্রতিরোধে ভ্যাকসিন নেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সিদ্ধান্ত-২. রোগ প্রতিরোধে মেডিকেল ক্যাম্প, উঠান বৈঠক, টিকা প্রদান,কৃত্রিম প্রজনন কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, আটোয়ারী<br>উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, আটোয়ারী |
| ৫ | উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা,আটোয়ারী সভায় অনুপস্থিত।<br>উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী উপজেলার সব ইউপিতে রিং জাল, কারেন্ট জাল ব্যবহার বন্ধের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উপজেলা মৎস্য কর্মকর্তা,আটোয়ারী কে পরামর্শ প্রদান করা হলো। | সিদ্ধান্ত-১. তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।<br>সিদ্ধান্ত-২. রিং জাল, কারেন্ট জাল ব্যবহার বন্ধের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা,আটোয়ারী ।<br>উপজেলা মৎস্য কর্মকর্তা,আটোয়ারী । |
| ৬ | স্থানীয় সরকার প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি আটোয়ারী সভায় জানান যে, এই অর্থ বছরে ২০ কিমি রাস্তার বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা প্রাণীসম্পদ অফিস থেকে জন্মভূমি পার্ক পর্যন্ত এবং মির্জাপুর বাস ষ্ট্যান্ড থেকে বারআউলিয়া পর্যন্ত রাস্তার গাছ সমূহ দ্রুত অপসারন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী কে অনুরোধ জানান। হাজী সমির উদ্দিন থেকে ধামোর হাট রাস্তাটির কাজ চলমান রয়েছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>২। তিনি আরও জানান উপজেলা নিবর্হী অফিসারের বাসভবন চত্বরের দক্ষিণ ও পশ্চিম পার্শ্বে জরাজীর্ণ সীমানা প্রাচীর উর্ধ্বমূখী সম্প্রসারণের প্রাক্কলিত ব্যয় টাকা =৫,৪০,৩৩০/- এবং পূর্ব ও উত্তর পার্শ্বের নতুন সীমানা প্রাচীর নির্মাণের প্রাক্কলিত ব্যয় টাকা =৯,৫০২৬৫/- টাকা অনুমোদনের বিষয়ে মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করা হলে জানা যায় যে, প্রস্তাব ২ টি অনুমোদিত হয়েছে।<br>৩। আটোয়ারী উপজেলা পরিষদের অভ্যন্তরে একটি কাঁচা রাস্তা আরসিসি করণ ও ৮টি বাসাবাড়ী বসবাসের উপযোগী করার জন্য জরুরী মেরামত করা প্রয়োজন মর্মে উপজেলা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলিত মূল্য নিম্নরুপ: | সিদ্ধান্ত-১. উপজেলা প্রাণীসম্পদ অফিস থেকে জন্মভূমি পার্ক পর্যন্ত এবং মির্জাপুর বাস ষ্ট্যান্ড থেকে বারআউলিয়া পর্যন্ত রাস্তার গাছ সমূহ দ্রুত অপসারন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।<br>সিদ্ধান্ত-২.মন্ত্রণালয়ের অনুমোদন পত্র প্রাপ্তি সাপেক্ষে উপজেলা নিবর্হী অফিসারের বাসভবন চত্বরের দক্ষিণ ও পশ্চিম পার্শ্বে জরাজীর্ণ সীমানা প্রাচীর উর্ধ্বমূখী সম্প্রসারণের প্রাক্কলিত ব্যয় টাকা =৫,৪০,৩৩০/- এবং পূর্ব ও উত্তর পার্শ্বের নতুন সীমানা প্রাচীর নির্মাণের প্রাক্কলিত ব্যয় টাকা =৯,৫০২৬৫/-টাকার টেন্ডার উন্মুক্ত পদ্ধতিতে আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী এবং উপজেলা প্রকৌশলী আটোয়ারী।<br>উপজেলা প্রকৌশলী আটোয়ারী। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্যাকেজ নং ১ মোট প্রাক্কলিত ব্যয়= ৩২,৫৭,০০০/-<br>১। উপজেলা শিল্পকলা অফিস হতে উপজেলা পরিষদ মেইন গেট পর্যন্ত রাস্তা আরসিসি করণ = ২১,৪৭,৬১৯/-<br>২। উপজেলা পরিষদের অগ্নভবন (কোয়াটার) সংস্কার =১১,০৯,৩৮১/-<br><br>প্যাকেজ নং ২ মোট প্রাক্কলিত ব্যয়=৩৩,৪০,০০০/-<br>১। উপজেলা পরিষদের হাসনাহেনা ভবন (কোয়াটার) সংস্কার =৮,৪৬,৭৯৬/-<br>২। উপজেলা পরিষদের নাগর ভবন (কোয়াটার) সংস্কার =৭,৯৪,৪৭২/-<br>৩। উপজেলা পরিষদের চামেলী ভবন (কোয়াটার) সংস্কার =৬,৭৯,৫২৪/-<br>৪। উপজেলা পরিষদের ডরমেটরী বাস ভবন সংস্কার =৪,৩৬,৩৪৪/-<br>৫। উপজেলা পরিষদের কমপ্লেক্স ভবন রংকরণ =৪,১৫,৮৬৪/-<br>৬। উপজেলা পরিষদের অফিসার্স ক্লাব সংস্কার =১,৬৭,০০০/- | সিদ্ধান্ত-৩. উপস্থাপিত প্রকল্প ও প্রকলন নিয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে প্রকল্পসমূহ অতি প্রয়োজনীয় ও বাস্তবসম্মত হওয়ায় তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। চূড়ান্ত অনুমোদনসহ অর্থ বরাদ্দের জন্য স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী ও উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী, পঞ্চগড়। |
| ৭ | আটোয়ারী থানা | অফিসার ইনচার্জ আটোয়ারী থানা প্রতিনিধি, সভায় জানান যে, উপজেলায় আইন শৃঙ্খলা ভাল। আটোয়ারী উপজেলায় কিছু অপ্রীতিকর ঘটনা রোধে টহল বাড়ানো হয়েছে। এখন ২টি টহল পাটি রাতে ডিউটি করে। রাত্রে অপরিচিত যানবাহন বাড়ীর সামনে আসলে ৯৯৯ বা পুলিশ কে ফোন করার জন্য অনুরোধ জানান। এছাড়া এলাকায় সচেতনতা সৃষ্টির জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যাদের অনুরোধ জানান। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | উপজেলায় অপ্রীতিকর ঘটনা রোধে টহল চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | অফিসার ইনচার্জ, আটোয়ারী থানা। |
| ৮ | উপজেলা হিসাব রক্ষণ দপ্তর | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, আটোয়ারী। |
| ৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আটোয়ারী। |
| ১০ | উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান যে, দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা শিক্ষা কর্মকর্তা আটোয়ারী। |
| ১১ | উপজেলা খাদ্য দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, আটোয়ারী সভায় ,দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আটোয়ারী। |
| ১২ | উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান যে,দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | উপজেলা সমবায় কর্মকর্তা, আটোয়ারী |
| ১৩ | উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান যে, সারা বাংলাদেশে অনলাইনে বয়স্ক,বিধবা,প্রতিবন্ধি ভাতার আবেদন চলছে। নিজের নামে সিম রেজিষ্ট্রেশন করে আবেদন করার অনুরোধ জানান। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | উপজেলার সকল বয়স্ক,বিধবা,প্রতিবন্ধি মানুষদের অনলাইনে রেজিষ্ট্রেশন করে আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, আটোয়ারী |
| ১৪ | পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আটোয়ারী সভায় জানান যে, অত্র অফিসে একজন মেডিক্যাল অফিসার নিয়োগ পেয়েছেন। রোগীদের সেবা প্রদান সহ নরমাল ডেলিভারীর জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া ডেলিভারীর পরে জন্মবিরতি গ্রহণ সেবা বিষয়ক পরামর্শ প্রদান চলছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | ডেলিভারীর পরে জন্মবিরতি গ্রহণ সেবা বিষয়ক পরামর্শ প্রদান চালানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আটোয়ারী। |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আটোয়ারী সভায় জানান অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আটোয়ারী। |
| ১৬ | উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার, প্রতিনিধি আটোয়ারী সভায় জানান যে, অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, আটোয়ারী |
| ১৭ | উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা,আটোয়ারী সভায় জানান অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, আটোয়ারী। |
| ১৮ | উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,আটোয়ারী সভায় জানান যে, অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আটোয়ারী। |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান যে, জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত মাতৃত্ব ভাতার বরাদ্দ এসেছে। প্রতিমাসে ০৬ টি করে। অনলাইনকৃত আবেদন যাচাই বাছাই করে তালিকা প্রেরণ করার ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়া ভিজিডির ডিও প্রদান করা হবে। ব্যবস্থা গ্রহণে সকল ইউপি চেয়ারম্যানদের | জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত মাতৃত্ব ভাতার অনলাইনকৃত আবেদন যাচাই বাছাই করে তালিকা প্রেরণ করার ব্যবস্থা গ্রহণে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং সকল ইউপি চেয়ারম্যান আটোয়ারী। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | অনুরোধ জানান। | | |
| ২০ | উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, আটোয়ারী সভায় যে, আটোয়ারী উপজেলায় অস্ত্র বিহীন ইউনিক প্রশিক্ষণ চলছে। প্রশিক্ষার্থীদের বয়স ১৮-৩০ বছর। অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী উপজেলা আনসার ও ভিডিপি অফিসের প্রতিটি প্রশিক্ষণে প্রশিক্ষনার্থী অংশ গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যাদের চিঠি দেওয়ার পরামর্শ প্রদান করেন। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসের প্রতিটি প্রশিক্ষণে প্রশিক্ষনার্থী অংশ গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যাদের চিঠি দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ও সকল ইউপি চেয়ারম্যান,আটোয়ারী। |
| ২১ | উপজেলা রিসোর্স সেন্টার | ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার, আটোয়ারী সভায় জানান যে,অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | ইন্সট্রাক্টর, রিসোর্স সেন্টার, আটোয়ারী |
| ২২ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন দপ্তর | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা আটোয়ারী। |
| ২৩ | জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), আটোয়ারী সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরের প্রতি ইউনিয়নে ২৬ টি করে নলকূপ বরাদ্দ পাওয়া গেছে টেন্ডার প্রক্রিয়া চলমান রয়েছে। এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), আটোয়ারী |
| ২৪ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা,প্রতিনিধি আটোয়ারী সভায় যে, অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা আটোয়ারী। |
| ২৫ | উপজেলা সেটেলমেন্ট দপ্তর | সহকারী সেটেলমেন্ট কর্মকর্তা, আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সহকারী সেটেলমেন্ট কর্মকর্তা, আটোয়ারী |
| ২৬ | বন বিভাগ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ আটোয়ারী সভায় জানান যে, আটোয়ারী এসএফপিসিতে আটোয়ারী হতে পঞ্চগড় সড়কের জনাব মো: ফজলুল হকের বাড়ী হতে দক্ষিণে আটোয়ারীর শেষ সিমানা পর্যন্ত ২০০২-০৩ সনের = ১১.০০ কিমি স্টিপ ( ২য় আর্বত) বাগান সৃজন করা হয়। বাগানের আবর্তকাল ১০১৫-১৬ সনে অতিক্রান্ত হয়েছে। বাগানটির বেশির ভাগ গাছ ইউক্যালিপ্টাস প্রজাতির। অত্র উপজেলার পরিবেশ ও বন উন্নয়ন কমিটির গত ০৬/০২/২০২৩ ইং তারিখ এবং পঞ্চগড় জেলার পরিবেশ ও বন উন্নয়ন কমিটির গত ২৬/০৭/২০২৩ ইং তারিখ সভায় সিদ্ধান্ত মোতাবেক বাগানের ৫৫ জন উপকার ভোগীদের নামের তালিকা ও চুক্তিনামা অনুমোদন হয়। বন বিভাগ কর্তৃক বাগানের মার্কিং নিলাম, লভ্যাংশ বন্টন, টিসিএফএফ ১০% দ্বার পুন: বনায়ন করার জন্য সভায় অনুরোধ জানান। অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বর্ণিত বাগানের গাছ বন বিভাগ কর্তক সরকারি নিয়মে বাগানের মার্কিং নিলাম, লভ্যাংশ বন্টন, টিসিএফএফ ১০% দ্বারা পুন: বনায়ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ, আটোয়ারী। |
| ২৭ | পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আটোয়ারী সভায় জানান যে, অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, আটোয়ারী |
| ২৮ | ইসলামিক ফাউন্ডেশন | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, আটোয়ারী। |
| ২৯ | পল্লী বিদ্যুৎ সমিতি | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি আটোয়ারী। |
| ৩০ | আইসিটি দপ্তর | সহকারী প্রোগ্রামার, (আইসিটি) আটোয়ারী সভায় জানান যে, সামগ্রিকভাবে আটোয়ারী উপজেলার ওয়েব সাইট ৮০% সম্পন্ন। প্রতিটি দপ্তরের ওয়েব সাইট শতভাগ হালনাগাদ করার লক্ষ্যে প্রত্যেক দপ্তর প্রধান ব্যবস্থা গ্রহণ করবেন। ওয়েব সাইট শতভাগ হালনাগাদ করনের লক্ষ্যে সহকারী প্রোগ্রামার এর সাহায্য নেয়ার জন্য সকল দপ্তর প্রধান কে অনুরোধ জানান। | প্রতিটি দপ্তরের ওয়েব সাইট শতভাগ হালনাগাদ করার সিদ্ধান্ত গ্রহন। | সহকারী প্রোগ্রামার, আটোয়ারী। |
| ৩১ | পাট উন্নয়ন দপ্তর | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, আটোয়ারী |
| ৩২ | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন বিভাগ | উপ-সহকারী প্রকৌশলী বরেন্দ্র বহুমুখী উন্নয়ন বিভাগ আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপ সহকারী প্রকৌশলী আটোয়ারী। |
| ৩৩ | তথ্য সেবা কেন্দ্র | তথ্য সেবা কর্মকর্তা, আটোয়ারী সভায় জানান যে, অফিসের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | তথ্য সেবা কর্মকর্তা, আটোয়ারী। |
| ৩৪ | ইউজিডিপি বিভাগ | উপজেলা ফ্যাসিলিটেটর, ইউজিডিপি বিভাগ, আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা ফ্যাসিলিটেটর আটোয়ারী। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৫ | সভাপতি,কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ) | জনাব, মোঃ এমদাদুল হক, সভাপতি, কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ) আটোয়ারী সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | সভাপতি, উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি |
| ৩৬ | মুক্তিযোদ্ধা সংসদ | বীর মুক্তিযোদ্ধা মোঃ নজরুল ইসলাম, সাবেক কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, আটোয়ারী জানান যে, মুক্তিযোদ্ধা সংসদ, আটোয়ারী উপজেলার সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | মুক্তিযোদ্ধা সংসদ, আটোয়ারী। |
| ৩৭ | বোদা পৌরসভা | মেয়র প্রতিনিধি, বোদা পৌরসভা, সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | মেয়র প্রতিনিধি, বোদা পৌরসভা |
| ৩৮ | ১নং মির্জাপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, মির্জাপুর, ইউনিয়ন পরিষদ, আটোয়ারী, সভায় জানান তাঁর ইউপির সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী** টিসিবির তালিকা পরিবর্তনের ক্ষেত্রে মন্তব্য কলামে পরিবর্তনের কারন উল্লেখ করার পরামর্শ প্রদান করেন। | টিসিবির তালিকা পরিবর্তনের ক্ষেত্রে মন্তব্য কলামে পরিবর্তনের কারন উল্লেখ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, মির্জাপুর, ইউনিয়ন পরিষদ |
| ৩৯ | ২নং তোড়িয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, তোড়িয়া, ইউনিয়ন পরিষদ, আটোয়ারী সভায় জানান যে, আটোয়ারী টু তোড়িয়া যাওয়ার রাস্তায় কাঁচামাল হাটিতে দোকানদারা হাটসেড ছেড়ে রাস্তায় এসে দোকান করছে। এতে যানজট সৃষ্টি হচ্ছে । রাস্তার ড্রেনে ময়লা আবর্জনা ফেলার কারনে ড্রেন সমূহ বন্ধ করছে। তাঁদের রাস্তা থেকে হাট সেডের ঘরে ব্যবসা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী কে অনুরোধ জানান। এছাড়া ইউপির অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে ।<br>**উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী** টিসিবির তালিকা পরিবর্তনের ক্ষেত্রে মন্তব্য কলামে পরিবর্তনের কারন উল্লেখ করার পরামর্শ প্রদান করেন। | **সিদ্ধান্ত-১.** তোড়িয়া যাওয়ার রাস্তায় কাঁচামাল ব্যবসায়ীদের হাট সেডের ঘরে ব্যবসা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সিদ্ধান্ত গৃহীত হলো।<br>**সিদ্ধান্ত-২.** টিসিবির তালিকা পরিবর্তনের ক্ষেত্রে মন্তব্য কলামে পরিবর্তনের কারন উল্লেখ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী এবং চেয়ারম্যান, তোড়িয়া, ইউনিয়ন পরিষদ।<br>চেয়ারম্যান, তোড়িয়া, ইউনিয়ন পরিষদ। |
| ৪০ | ৩নং আলোয়াখোয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, আলোয়াখোয়া, ইউনিয়ন পরিষদ, আটোয়ারী জানান যে, ১। পাল্টাপাড়া বাজারের হাট সেডের টিন সমূহ ফুটো হয়ে বর্ষাকালে পানি পরছে। দোকানদাররা ঠিকমত ব্যবসা করতে পারছেনা। জরুরী ভিত্তিতে টিন সমূহ পরিবর্তন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী কে অনুরোধ জানান। এছাড়া ইউপির আরডিআরএস ফেডারেশন সদস্যরা রাস্তার গাছ সমূহ কর্তনের আবেদন না করে নিজেরায় কেটে নিয়ে যাচ্ছে। তাঁদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণে সভায় অনুরোধ জানান। এছাড়া ইউপির অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী** ২। পাল্টাপাড়া বাজারের হাট সেডের টিন সমূহের দ্রুত প্রাক্কলন করার পরামর্শ প্রদান করেন।<br>৩। টিসিবির তালিকা পরিবর্তনের ক্ষেত্রে মন্তব্য কলামে পরিবর্তনের কারন উল্লেখ করার পরামর্শ প্রদান করেন। | **সিদ্ধান্ত-১.** পাল্টাপাড়া বাজারের হাট সেডের টিন সমূহের দ্রুত প্রাক্কলন করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>**সিদ্ধান্ত-২.** আরডিআরএস ফেডারেশন সদস্যদের রাস্তার গাছ সমূহ কর্তনে আবেদন করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>**সিদ্ধান্ত-৩.** টিসিবির তালিকা পরিবর্তনের ক্ষেত্রে মন্তব্য কলামে পরিবর্তনের কারন উল্লেখ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী আটোয়ারী।<br>উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী ও চেয়ারম্যান, আলোয়াখোয়া, ইউনিয়ন পরিষদ<br>চেয়ারম্যান, আলোয়াখোয়া, ইউনিয়ন পরিষদ |
| ৪১ | ৪নং রাধানগর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, রাধানগর, ইউনিয়ন পরিষদ, আটোয়ারী সভায় জানান যে, ফকিরগঞ্জ বাজারের মেইন রাস্তাটির অসমাপ্ত কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলা প্রকৌশলী আটোয়ারী কে অনুরোধ জানান। এছাড়া নদী এলাকায় রিং জাল, কারেন্ট জাল ব্যবহারকারীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ইউপির সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী** ২। নদী এলাকায় রিং জাল, কারেন্ট জাল ব্যবহারকারীদের তথ্য প্রশাসনকে দেওয়ার পরামর্শ প্রদান করেন।<br>৩। টিসিবির তালিকা পরিবর্তনের ক্ষেত্রে মন্তব্য কলামে পরিবর্তনের কারন উল্লেখ করার পরামর্শ প্রদান করেন। | **সিদ্ধান্ত-১.** ফকিরগঞ্জ বাজারের মেইন রাস্তাটির অসমাপ্ত কাজ জরুরী ভিত্তিতে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো।<br>**সিদ্ধান্ত-২.** নদী এলাকায় রিং জাল, কারেন্ট জাল ব্যবহারকারীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহন।<br>**সিদ্ধান্ত-৩.** টিসিবির তালিকা পরিবর্তনের ক্ষেত্রে মন্তব্য কলামে পরিবর্তনের কারন উল্লেখ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী আটোয়ারী।<br>উপজেলা নির্বাহী অফিসার এবং চেয়ারম্যান, রাধানগর, ইউনিয়ন পরিষদ।<br>চেয়ারম্যান, রাধানগর, ইউনিয়ন পরিষদ। |
| ৪২ | ৫নং বলরামপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বলরামপুর ইউনিয়ন পরিষদ, সভায় জানান যে, ইউপির বিভিন্ন রাস্তার মেয়াদ উর্ত্তীন গাছের লট সমূহ কাটার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান। ইউপির সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>**উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী** টিসিবির তালিকা পরিবর্তনের ক্ষেত্রে মন্তব্য কলামে পরিবর্তনের কারন উল্লেখ করার পরামর্শ প্রদান করেন। | **সিদ্ধান্ত-১.** মেয়াদ উর্ত্তীন গাছের লট সমূহ কাটার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সিদ্ধান্ত গ্রহন।<br>**সিদ্ধান্ত-২.** টিসিবির তালিকা পরিবর্তনের ক্ষেত্রে মন্তব্য কলামে পরিবর্তনের কারন উল্লেখ করার | উপজেলা নির্বাহী অফিসার এবং চেয়ারম্যান, বলরামপুর ইউনিয়ন পরিষদ।<br>চেয়ারম্যান, বলরামপুর ইউনিয়ন পরিষদ। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | | সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ৪৩ | ৬নং ধামোর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ধামোর ইউনিয়ন পরিষদ, সভায় জানান যে, তাঁর ইউপির সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>উপজেলা নির্বাহী অফিসার আটোয়ারী টিসিবির তালিকা পরিবর্তনের ক্ষেত্রে মন্তব্য কলামে পরিবর্তনের কারন উল্লেখ করার পরামর্শ প্রদান করেন। | টিসিবির তালিকা পরিবর্তনের ক্ষেত্রে মন্তব্য কলামে পরিবর্তনের কারন উল্লেখ করার সিদ্ধান্ত গৃহীত হলো। | চেয়ারম্যান, ধামোর ইউনিয়ন পরিষদ। |
| ৪৪ | উপজেলা পরিষদ | উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী, জানান যে, চলমান বর্ষায় যানজট নিরসনে ফকিরগঞ্জ বাজারের মেইন রাস্তাটি জরুরী সংস্কার করার জন্য সভায় অনুরোধ জানান। | ফকিরগঞ্জ বাজারের মেইন রাস্তাটি জরুরী সংস্কার করার সিদ্ধান্ত গ্রহন। | উপজেলা প্রকৌশলী আটোয়ারী। |
| | | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী জানান যে, উপজেলা পরিষদের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | | উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী |

**(গ) উপজেলার রাজস্ব আয়-ব্যয় সংক্রান্ত ঃ**

**আয় ঃ** গত ০১/৮/২০২৩ তারিখ হতে ৩১/৮/২০২৩ তারিখ পর্যন্ত বাসাবাড়ী, অফিস ও দোকান ভাড়া, ভূমি হস্তান্তর করের ১% হতে ৩,৫৯,৯১৬/- টাকা আয় হয়েছে। বর্তমানে স্থিতি =৩০,৭০,৯৪৯/- টাকা।

**ব্যয় ঃ** উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে গত ১৭/৮/২০২৩ তারিখ হতে ১১/৯/২০২৩ তারিখ পর্যন্ত নিম্নলিখিত ব্যয় হয়েছে। ব্যয় সমুহ অনুমোদনের জন্য সভায় প্রস্তাব আনীত হয়।
অনুচ্ছেদ নং: ০২ । তারিখ: ৩১/০৮/২০২৩

বিষয় ঃ উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের আগস্ট,২০২৩ মাসের মাসিক সম্মানী ভাতা ও অন্যান্য বিল প্রদান।
উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের মাসিক সম্মানী ভাতা ও নিম্নোক্ত অন্যান্য বিল প্রদান করা প্রয়োজন।

| ক্রঃ | নাম ও পদবী | বিল | ৭.৫% ভ্যাট | ৩% আয়কর | নীট বিল |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ তৌহিদুল ইসলাম, চেয়ারম্যান উপজেলা পরিষদ, আটোয়ারী আগস্ট,২০২৩ মাসের মাসিক সম্মানী ও বাসা ভাড়া<br>চেক নং সিডি ৬০০৪০৪০৪৬০৭ তাং ০১/০৯/২০২৩ | ৪৫০০০ | ০ | ০ | ৪৫০০০ |
| ০২ | জনাব মোঃ শাহ্জাহান,ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, আটোয়ারী আগস্ট,২০২৩ মাসের মাসিক সম্মানী<br>চেক নং সিডি ৬০০৪০৪০৪৬০৮ তাং ০১/০৯/২০২৩ | ২৭০০০ | ০ | ০ | ২৭০০০ |
| ০৩ | জনাব রেনু একরাম,মহিলা ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, আটোয়ারী আগস্ট,২০২৩ মাসের মাসিক সম্মান<br>চেক নং সিডি ৬০০৪০৪০৪৬০৯ তাং ০১/০৯/২০২৩ | ২৭০০০ | ০ | ০ | ২৭০০০ |
| ০৪ | উপজেলা পরিষদের দৈনিক হাজিরায় নিয়োজিত ২ জন কর্মচারীর আগস্ট,২০২৩ মাসের হাজিরা<br>চেক নং সিডি ৬০০৪০৪০৪৬১০ তাং ০১/০৯/২০২৩ | ৩৪১০০ | ০ | ০ | ৩৪১০০ |
| ০৫ | উপজেলা পরিষদের নিরাপত্তায় নিয়োজিত মোঃ জাহেরুল ইসলাম এর আগস্ট,২০২৩ মাসের হাজিরা<br>চেক নং সিডি ৬০০৪০৪০৪৬১১ তাং ০১/০৯/২০২৩ | ৭০০০ | ০ | ০ | ৭০০০ |
| ০৭ | আগস্ট ২৩ মাসের মাসিক সভাসমূহের বিল<br>চেক নং সিডি ৬০০৪০৪০৪৬১২ তাং ০১/০৯/২০২৩ | ৩০০০০ | ২২৫০ | ৯০০ | ২৬৮৫০ |
| ০৮ | আগস্ট২৩ মাসের আনুষংগিক বিল<br>চেক নং সিডি ৬০০৪০৪০৪৬১৩ তাং ০১/০৯/২০২৩ | ৫০০০ | ৩৭৫ | ১৫০ | ৪৪৭৫ |
| ০৯ | আগস্ট মাসের উপজেলা সামাজিক সম্প্রীতি সভার আপ্যায়ন বিল<br>চেক নং সিডি ৬০০৪০৪০৪৬১৪ তাং ০১/০৯/২০২৩ | ২০০০ | ১৫০ | ৬০ | ১৭৯০ |
| ১০ | ১) (২৩/০৭/২৩ জাতীয় পাবলিক সার্ভিস ডে উদযাপন ব্যয় =১২৫০০/,<br>২) ( ৫ আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭৪ তম জন্ম বার্ষিকী উপলক্ষে ব্যয় =৮৫০০/-,<br>৩) ৮ আগস্ট ২০২৩ বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এঁর ৯৩তম জন্ম বার্ষিকী উপলক্ষে ব্যয় =১১০০০/- | ৩২০০০ | ০ | ০ | ৩২০০০ |
| ১১ | উপজেলা পরিষদ ভবনের অফিসসমূহে সরাসরি বিশুদ্ধ খাওয়ার পানি সরবরাহের জন্য পাম্প স্থাপন ও পানির লাইন সম্প্রসারন বিল<br>চেক নং সিডি ৬০০৪০৪০৪৬১৫ তাং ০১/০৯/২০২৩ | ২৩০০০ | ১১২৫ | ৪৫০ | ২১৪২৫ |
| ১০ | উপজেলা পরিষদের নাগন ভবন নীচতলা পূর্ব এর সংস্কার বিল (ইউপি সচিবের বসবাসের জন্য)<br>চেক নং সিডি ৬০০৪০৪০৪৬১৬ তাং ০১/০৯/২০২৩ | ২৫০০০ | ১১২৫ | ৪৫০ | ২৩৪২৫ |
| ১১ | ৭.৫০% ভ্যাট কোড নং ১-১১৩৩-০০৪৫-০৩১১ এ জমা বাবদ জমা<br>চেক নং সিডি ৬০০৪০৪০৪৬১৭ তাং ০১/০৯/২০২৩ | ০ | ০ | ০ | ৫০২৫ |
| ১২ | ৩% আয়কর কোড নং ১-১১৪১-০০৬৫-০১১১ এ জমা বাবদ<br>চেক নং সিডি ৬০০৪০৪০৪৬১৮ তাং ০১/০৯/২০২৩ | ০ | ০ | ০ | ২০১০ |
| | | ২২৫১০০ | ৫০২৫ | ২০১০ | ২২৫১০০ |
| | | | | | |

**সিদ্ধান্ত : ১ :** ব্যয়সমূহ সঠিক থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

**সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী সভায় বলেন,** উপজেলার সকল বিষয় নিয়ে আলোচনা হয়েছে। সকল দপ্তরের কর্মকর্তা ও জনপ্রতিনিধিগণ আলোচনা করেছেন। আটোয়ারী উপজেলার উন্নয়ন নিশ্চিত করার জন্য উপজেলার সকল দপ্তর প্রধান নিজ নিজ দপ্তরের কার্যক্রম যথাসময়ে নিষ্ঠার সাথে পালন করবেন মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: তৌহিদুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
আটোয়ারী, পঞ্চগড়।
ফোন : ০৫৬৫২-৫৬০৮৬
E-mail: atwari.uzp@gmail.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আটোয়ারী, পঞ্চগড়।
www.atwari.panchagarh.gov.bd

স্মারক নং - ০৫.৪৭.৭৭০৪.০০০.০৪.০০৩.২২- ৭৫৮ (১০) তারিখ: ৩০ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১৪ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে :

০১। মাননীয় সংসদ সদস্য, পঞ্চগড়-১।
০২। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, পঞ্চগড়।
০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, পঞ্চগড়।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী, পঞ্চগড়।
০৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আটোয়ারী, পঞ্চগড়।
০৮। চেয়ারম্যান, মির্জাপুর/তোড়িয়া/আলোয়াখোয়া/রাধানগর/বলরামপুর/ধামোর ইউ পি, আটোয়ারী, পঞ্চগড়।
০৯। উপজেলা ------------------------------- কর্মকর্তা আটোয়ারী, পঞ্চগড়।
১০। ---------------------------------------------------------------------------------,আটোয়ারী, পঞ্চগড়।

মো: মুসফিকুল আলম হালিম
উপজেলা নির্বাহী অফিসার
আটোয়ারী ,পঞ্চগড়।
ফোন : ০২৫৮৯৯৪২৮০২
E-mail: unoatwari@mopa.gov.bd



CamScanner